

আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১২৯৭

কুমন্ত্রনা, কুধারনা ও বাচালতা

পরিচ্ছেদঃ ৬২১- মনের মধ্যে সৃষ্ট কুমন্ত্রণা।

بَابُ الْوَسْوَسَةِ

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

আরবী

وَعَنْ جَرِيرٍ، عَنْ لَيْتٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ قَالَ: دَخَلْتُ أَنَا وَخَالِي عَلَى عَائِشَةَ، فَقَالَ: إِنَّ أَحَدَنَا يَعْرُضُ فِي صَدْرِهِ مَا لَوْ تَكَلَّمَ بِهِ ذَهَبَتْ آخِرَتُهُ، وَلَوْ ظَهَرَ لَقُتِلَ بِهِ، قَالَ: فَكَبَّرَتْ ثَلاَتًا، ثُمَّ قَالَتْ: سُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ، فَقَالَ: إِذَا كَانَ ذَلِكَ مِنْ أَحَدِكُمْ فَلْيُكَبِّرْ ثَلاَتًا، فَإِنَّهُ لَنْ يُحِسَّ ذَلِكَ إِلا مُؤْمِنٌ.

বাংলা

১২৯৭। শাহর ইবনে হাওশাব (রহঃ) বলেন, আমি ও আমার মামা আয়শা (রাঃ)-র নিকট উপস্থিত হলাম। মামা বলেন, আমাদের কারো মনের মধ্যে এমন কিছুর উদ্রেক হয়, সে তা ব্যক্ত করলে তার আখেরাত ধ্বংস হয়ে যায় এবং তা প্রকাশ পেলে সেজন্য তাকে মৃত্যুদণ্ড দেয়া হবে। রাবী বলেন, আয়েশা (রাঃ) তিনবার "আল্লাহু আকবার" ধ্বনি করার পর বলেন, এই বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি বলেছেনঃ তোমাদের কারো অন্তরে তা অনুভব করলে সে তিনবার 'আল্লাহু আকবার' বলবে। মুমিন ব্যক্তিই এটা অনুভব করে থাকে।

English

Shahr ibn Hawshab said, "I and my maternal aunt visited 'A'isha and said, 'Sometimes something occurs to one of us such that, if he had spoken about it, that would have been the end of his hopes for the Next World. If it were to be revealed, he would be killed for it.' She said the takbir three times and then said, 'The Messenger of Allah, may Allah bless him and grant him peace, was asked about that and said, "If that happens to one of you, he should say the takbir three times. Only a believer feels that.'"



পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Source — https://www.hadithbd.com/hadith/link/?id=46681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন